বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি)।

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি) কর্তৃক লিকুইফাইড পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি)'র জুলাই ২০২৫ মাসের জন্য মূল্য সমন্বয় আদেশ, ২০২৫।

(Saudi CP জুলাই ২০২৫ এর ভিত্তিতে)

বিইআরসি আদেশ নম্বর: ২০২৫/১০

তারিখ: ১৮ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ / ০২ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ।

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি) কর্তৃক লিকুইফাইড পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি)'র জুলাই ২০২৫ মাসের জন্য মূল্য সমন্বয় আদেশ, ২০২৫।

বিইআরসি আদেশ নম্বর: ২০২৫/১০

তারিখ: ১৮ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ / ০২ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ।

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি) কর্তৃক বেসরকারি এলপিজি এবং অটোগ্যাসের ট্যারিফ (মূল্যহার) পরিবর্তনসহ মূল্য সমন্বয় করে ১০ অক্টোবর ২০২১ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০৭ এর অনুচ্ছেদ ৯.৫ এবং সৌদি আরামকো কর্তৃক ঘোষিত জুলাই ২০২৫ মাসের Saudi Contract Price (Saudi CP) অনুযায়ী বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে মূল্য জুলাই ২০২৫ মাসের জন্য সমন্বয়ের বিষয়ে বিস্তারিত পর্যালোচনা ও বিশ্লেষণান্তে অদ্য ১৮ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ / ০২ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ তারিখে এ আদেশ প্রদান করা হলো:-

১.০ Saudi CP অনুযায়ী বেসরকারি এলপিজি'র মূল্য সমন্বয়ের বিষয়ে কমিশন কর্তৃক অনুসৃত প্রক্রিয়া ও পদ্ধতি:

১.১ কমিশন কর্তৃক গঠিত সংশ্লিষ্ট কমিটি সৌদি আরামকো কর্তৃক জুলাই ২০২৫ মাসের জন্য ঘোষিত Saudi CP এর সাথে সামঞ্জস্য রেখে জুলাই ২০২৫ মাসের জন্য ভোক্তাপর্যায়ে বেসরকারি এলপিজি'র মূল্য সমন্বয়ের বিষয়ে সুপারিশ সংবলিত একটি প্রতিবেদন ০২ জুলাই ২০২৫ তারিখে কমিশনে দাখিল করে। কমিটি'র প্রতিবেদন অনুযায়ী জুলাই ২০২৫ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেন এর ঘোষিত Saudi CP প্রতি মেট্রিক টন যথাক্রমে ৫৭৫.০০ মার্কিন ডলার ও ৫৪৫.০০ মার্কিন ডলার এবং এবং প্রোপেন ও বিউটেনের অনুপাত ৩৫:৬৫ হিসেবে গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৫৫৫.৫০ মার্কিন ডলার। কমিটি উক্ত Saudi CP, জাহাজভাড়া ও ট্রেডারের প্রিমিয়াম, অন্যান্য চার্জ এবং জুলাই ২০২৫ মাসে বিবেচিত এলপিজি আমদানিতে এলসি সেটেলমেন্টে মার্কিন ডলারের গড় মূল্য ১২২.৯৮ টাকা বিবেচনা করে জুলাই ২০২৫ মাসের জন্য ভোক্তাপর্যায়ে বেসরকারি এলপিজি এবং অটোগ্যাসের মূল্য নিম্নোক্তভাবে সমন্বয় করার সুপারিশ করে:

(ক) বেসরকারি এলপিজি'র সমন্বয়কৃত Saudi CP প্রতি কেজি ৬৮.৩২ টাকা।

(খ) বোতলজাতকৃত বেসরকারি এলপিজি'র রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে মূসক ব্যতীত সমন্বয়কৃত মূল্য প্রতি কেজি ১০৬.২৬ টাকা এবং মূসকসহ সমন্বয়কৃত মূল্য প্রতি কেজি ১১৩.৬৪ টাকা।

(গ) রেটিকুলেটেড পদ্ধতিতে তরল অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে মূসক ব্যতীত সমন্বয়কৃত মূল্য প্রতি কেজি ১০২.৫১ টাকা এবং মূসকসহ সমন্বয়কৃত মূল্য প্রতি কেজি ১০৯.৮৯ টাকা বা রেটিকুলেটেড পদ্ধতিতে গ্যাসীয় অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে মূসক ব্যতীত সমন্বয়কৃত মূল্য প্রতি লিটার ০.২২৭৭ টাকা বা প্রতি ঘনমিটার ২২৭.৭০ টাকা এবং মূসকসহ সমন্বয়কৃত মূল্য প্রতি লিটার ০.২৪৪১ টাকা বা প্রতি ঘনমিটার ২৪৪.১০ টাকা।

(ঘ) ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের মূসক ব্যতীত সমন্বয়কৃত মূল্য প্রতি লিটার ৫৮.৭৮ টাকা এবং মূসকসহ সমন্বয়কৃত মূল্য প্রতি লিটার ৬২.৪৬ টাকা।

১.২ কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনটির ওপর বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০৭ এর অনুচ্ছেদ ৯.৫ অনুযায়ী ০২ জুলাই ২০২৫ তারিখ দুপুর ১২:৩০ টায় কমিশন কার্যালয়ে কমিটি'র শুনানি অনুষ্ঠিত হয়। উক্ত শুনানিতে কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন উপস্থাপন, বক্তব্য শ্রবণ এবং প্রাপ্ত দলিলাদি পর্যালোচনা ও বিশ্লেষণ করা হয়।

২.০ Saudi CP জুলাই ২০২৫ এর ভিত্তিতে জুলাই ২০২৫ মাসের জন্য বেসরকারি এলপিজি'র মূল্য সমন্বয় আদেশ:

সার্বিক বিষয় পরীক্ষা-নিরীক্ষা, পর্যালোচনা ও বিশ্লেষণপূর্বক কমিশনের আদেশ হচ্ছে যে:-

২.১ জুলাই ২০২৫ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেন এর ঘোষিত Saudi CP প্রতি মেট্রিক টন যথাক্রমে ৫৭৫.০০ মার্কিন ডলার ও ৫৪৫.০০ মার্কিন ডলার এবং প্রোপেন ও বিউটেনের অনুপাত ৩৫:৬৫ হিসেবে গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৫৫৫.৫০ মার্কিন ডলার অপরিবর্তিত বিবেচনায় জুলাই ২০২৫ মাসের জন্য সমন্বয়কৃত মূল্য-

(ক) বেসরকারি এলপিজি'র Saudi CP প্রতি কেজি ৬৮.৩২ টাকায় সমন্বয় করা হলো।

(খ) বেসরকারি এলপিজি'র রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে মূসক ব্যতীত মূল্য প্রতি কেজি ১০৬.২৬ টাকা এবং মূসকসহ মূল্য প্রতি কেজি ১১৩.৬৪ টাকায় সমন্বয় করা হলো।

(গ) রেটিকুলেটেড পদ্ধতিতে তরল অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে মূসক ব্যতীত মূল্য প্রতি কেজি ১০২.৫১ টাকায় এবং মূসকসহ মূল্য প্রতি কেজি ১০৯.৮৯ টাকায় বা রেটিকুলেটেড পদ্ধতিতে গ্যাসীয় অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে মূসক ব্যতীত মূল্য প্রতি লিটার ০.২২৭৭ টাকায় বা প্রতি ঘনমিটার ২২৭.৭০ টাকায় এবং মূসকসহ মূল্য প্রতি লিটার ০.২৪৪১ টাকায় বা প্রতি ঘনমিটার ২৪৪.১০ টাকায় সমন্বয় করা হলো।

(ঘ) ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের মূসক ব্যতীত মূল্য প্রতি লিটার ৫৮.৭৮ টাকায় এবং মূসকসহ মূল্য প্রতি লিটার ৬২.৪৬ টাকায় সমন্বয় করা হলো।

(ঙ) বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য **পরিশিষ্ট-'ক'**, বিভিন্ন পরিমাণের বোতলজাতকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য **পরিশিষ্ট-'খ'**, রেটিকুলেটেড পদ্ধতিতে সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র সমন্বয়কৃত মূল্য **পরিশিষ্ট-'গ'** এবং অটোগ্যাসের সমন্বয়কৃত মূল্য **পরিশিষ্ট-'ঘ'** এ সংযুক্ত করা হলো।

২.২ ১৪ জানুয়ারি ২০২৫ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২৫/০২ অনুযায়ী সরকারি এলপিজি'র ডিলার/রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে মূসকসহ মুল্যহার প্রতি ১২.৫০ কেজি ৮২৫.০০ টাকা অপরিবর্তিত রাখা হলো।

২.৩ কোনো পর্যায়ে (এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ, ডিস্ট্রিবিউটর এবং ভোক্তাপর্যায়ে রিটেইলার পয়েন্টে) কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্যে এলপিজি (বোতলজাতকৃত এবং রেটিকুলেটেড সিস্টেমের মাধ্যমে সরবরাহকৃত)/অটোগ্যাস বিক্রয় করা যাবে না।

২.৪ প্রত্যেক এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সী এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পরবর্তী মূল্যে (মূসক-উত্তর/মূসকসহ) ডিস্ট্রিবিউটরের নিকট এলপিজি বিক্রয় করবে এবং সে অনুযায়ী মূসক চালান/ডেলিভারি অর্ডার (ডিও) প্রদান করবে।

২.৫ এ আদেশ ১৮ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ/ ০২ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ তারিখ সন্ধ্যা ০৬:০০ ঘটিকা হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।

২.৬ ২৫ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ/ ১০ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০৭ এর অন্যান্য আদেশ ও নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

ব্রি: জেনারেল মোঃ শাহিদ সারওয়ার (অব:)
সদস্য

সৈয়দা সুলতানা রাজিয়া
সদস্য

মোঃ মিজানুর রহমান
সদস্য

মোঃ আব্দুর রাজ্জাক
সদস্য

জালাল আহমেদ
চেয়ারম্যান

বিইআরসি আদেশ নম্বর: ২০২৫/১০

পরিশিষ্ট-'ক'

বোতলজাতকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য, জুলাই-২০২৫
(জুলাই-২০২৫ এর Saudi CP'র ভিত্তিতে)

ক্রমিক নং		বিবরণ	সমন্বয়কৃত মূল্য (টাকা/কেজি)
ক	১	Saudi Contract Price[১] (Saudi CP)	৬৮.৩২
	২	জাহাজ ভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ[২]	১৩.২৮
	৩	অন্যান্য চার্জ[৩]	০.৭৪
	৪	**ইমপোর্ট প্যারিটি প্রাইস (১+২+৩)**	**৮২.৩৪**
খ	এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ চার্জ[৪]		১৬.০০
গ	**এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পর্যায়ের মূল্য, মূসক-পূর্ব (ক৪+খ)**		**৯৮.৩৪**
ঘ	মূসক[৫]		৭.৩৮
ঙ	**এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পরবর্তী মূল্য, মূসক-উত্তর (গ+ঘ)**		**১০৫.৭২**
চ	ডিস্ট্রিবিউটরের চার্জ[৬] (ডিস্ট্রিবিউটর থেকে রিটেইলার পর্যন্ত পরিবহণ ব্যয়সহ)		৪.১৭
ছ	রিটেইলার চার্জ[৬]		৩.৭৫
জ	**রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে এলপিজি'র সমন্বয়কৃত মূল্য [ঙ+চ+ছ]**		**১১৩.৬৪**

২। সমন্বয়কৃত উক্ত মূল্য ১৮ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ/ ০২ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ তারিখ সন্ধ্যা ০৬:০০ ঘটিকা হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।

৩। কোনো পর্যায়ে (এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ, ডিস্ট্রিবিউটর এবং ভোক্তাপর্যায়ে রিটেইলার পয়েন্টে) কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্যে বোতলজাতকৃত এলপিজি বিক্রয় করা যাবে না।

৪। প্রত্যেক এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সী উপরের ছকের ক্রমিক-ঙ এ উল্লিখিত এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পরবর্তী মূল্যে (মূসক-উত্তর/মূসকসহ) ডিস্ট্রিবিউটরের নিকট এলপিজি বিক্রয় করবে এবং সে অনুযায়ী মূসক চালান/ডেলিভারি অর্ডার (ডিও) প্রদান করবে।

ব্রি: জেনারেল মোঃ শাহিদ সারওয়ার (অব:)
সদস্য

সৈয়দা সুলতানা রাজিয়া
সদস্য

মোঃ মিজানুর রহমান
সদস্য

মোঃ আব্দুর রাজ্জাক
সদস্য

জালাল আহমেদ
চেয়ারম্যান

---

[১]জুলাই ২০২৫ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেন এর ঘোষিত Saudi CP প্রতি মেট্রিক টন যথাক্রমে ৫৭৫.০০ মার্কিন ডলার এবং ৫৪৫.০০ মার্কিন ডলার অনুযায়ী প্রোপেন এবং বিউটেনের মিশ্রণ অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় প্রোপেন এবং বিউটেনের গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৫৫৫.৫০ মার্কিন ডলার, প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১২২.৯৮/- টাকা এবং ১ মেট্রিক টন = ১,০০০ কেজি হিসেবে।

[২]জাহাজভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ প্রতি মেট্রিক টন ১০৮.০০ মার্কিন ডলার এবং প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১২২.৯৮/- টাকা এবং ১ মেট্রিক টন=১,০০০ কেজি বিবেচনায়।

[৩]ল্যান্ডিং চার্জ, লেভি চার্জ, রিভার ডিউজ, কাস্টম সার্ভে এবং পোর্ট চার্জ প্রতি মেট্রিক টন ৩০০ টাকা; এলসি চার্জ, ইন্সুরেন্স চার্জ (মূসকসহ), সিএন্ডএফ কমিশন (মূসকসহ) এবং Disport Inspection Charge মোট CFR মূল্যের ০.৫৪% এবং প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১২২.৯৮/- টাকা হিসেবে ৪৪১.০০ টাকা বিবেচনায়।

[৪]১৭ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ/ ০২ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ তারিখের বিইআরসি আদেশ নম্বর: ২০২২/১৮ এবং সরকার কর্তৃক ০১ জুন ২০২৫ তারিখ থেকে ডিজেল এর নির্ধারিত মূল্য প্রতি লিটার ১০২ টাকা অপরিবর্তিত বিবেচনায়, যার যার মধ্যে ১০ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ তারিখের বিইআরসি আদেশ নম্বর: ২০২১/১০ এ উল্লিখিত পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয় [ম্যানুফ্যাকচারিং/ফ্যাক্টরি ওভারহেড (জনবলসহ) বিক্রয়-বিপণন, বিতরণ-পরিবহণ, প্রশাসনিক ও সাধারণ ব্যয় (জনবলসহ)], অবচয়, রিটার্ন অন রেট বেজ ও কর্পোরেট ইনকাম ট্যাক্স অন্তর্ভুক্ত।

[৫]মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫; ০৯ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ তারিখের এস.আর.ও. নং-১৪-আইন/২০২৫/২৬৮-মূসক; ১৩ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ তারিখের বিশেষ আদেশ নং- ০২/মূসক/২০২৫; ০৯ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ তারিখের এনবিআর এর সাধারণ আদেশ নং-০৮.০১.০০০.০৬৮.১৬.০০১.২৪/১০ এবং এনবিআর এর ০৪ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ তারিখের সাধারণ আদেশ নং- ০৮.০১.০০০০.০৬৮.২২.০৫০.১৪/৭৯ অনুযায়ী উৎপাদন/বোতলজাতকরণ পর্যায়ে ৭.৫% যা উৎপাদন পর্যায়ে উৎপাদনকারি/বোতলজাতকারি কর্তৃক পরিশোধযোগ্য।

[৬]১৮ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ/ ০২ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ তারিখের বিইআরসি আদেশ নম্বর: ২০২৩/০৯ অনুযায়ী।

বিইআরসি আদেশ নম্বর: ২০২৫/১০

পরিশিষ্ট-'খ'

বিভিন্ন পরিমাণের বোতলজাতকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য, জুলাই ২০২৫

(জুলাই-২০২৫ এর Saudi CP'র ভিত্তিতে)

ক্রমিক নং	বোতলজাতকৃত এলপিজি'র পরিমাণ (কেজি)	সমন্বয়কৃত মূল্য (টাকা)										
		Saudi CP[১]	জাহাজ ভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ[২]	অন্যান্য[৩] চার্জ	ইমপোর্ট প্যারিটি প্রাইস	মজুতকরণ ও বোতলজাতকরণ চার্জ[৪]	এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পর্যায়ের মূল্য, মূসক-পূর্ব	মূসক[৫]	এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পরবর্তী মূল্য, মূসক-উত্তর	ডিস্ট্রিবিউটর চার্জ[৬] (ডিস্ট্রিবিউটর থেকে রিটেইলার পর্যন্ত পরিবহণ ব্যয়সহ)	রিটেইলার চার্জ[৬]	রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে বিক্রয়মূল্য[৭]
১	২	৩	৪	৫	৬=(৩+৪+৫)	৭	৮	৯	১০	১১	১২	১৩=(৬+৭+৯+১১+১২)
১	৫.৫	৩৭৫.৩০০	৭৩.০৪০	৪.০৭০	**৪৫২.৪১০**	৮৮.০০০	৫৪০.৪১০	৪০.৫৯০	৫৮১.০০০	২৩.০০০	২১.০০০	**৬২৫.০০০**
২	১২	৮২০.২০০	১৫৯.৩৬০	৮.৮৮০	**৯৮৮.৪৪০**	১৯২.০০০	১,১৮০.৪৪০	৮৮.৫৬০	১,২৬৯.০০০	৫০.০০০	৪৫.০০০	**১,৩৬৪.০০০**
৩	১২.৫	৮৫৪.৫০০	১৬৬.০০০	৯.২৫০	**১,০২৯.৭৫০**	২০০.০০০	১,২২৯.৭৫০	৯২.২৫০	১,৩২২.০০০	৫২.০০০	৪৭.০০০	**১,৪২১.০০০**
৪	১৫	১,০২৫.০০০	১৯৯.২০০	১১.১০০	**১,২৩৫.৩০০**	২৪০.০০০	১,৪৭৫.৩০০	১১০.৭০০	১,৫৮৬.০০০	৬৩.০০০	৫৬.০০০	**১,৭০৫.০০০**
৫	১৬	১,০৯২.৬০০	২১২.৪৮০	১১.৮৪০	**১,৩১৬.৯২০**	২৫৬.০০০	১,৫৭২.৯২০	১১৮.০৮০	১,৬৯১.০০০	৬৭.০০০	৬০.০০০	**১,৮১৮.০০০**
৬	১৮	১,২২৯.৮০০	২৩৯.০৪০	১৩.৩২০	**১,৪৮২.১৬০**	২৮৮.০০০	১,৭৭০.১৬০	১৩২.৮৪০	১,৯০৩.০০০	৭৫.০০০	৬৮.০০০	**২,০৪৬.০০০**
৭	২০	১,৩৬৭.০০০	২৬৫.৬০০	১৪.৮০০	**১,৬৪৭.৪০০**	৩২০.০০০	১,৯৬৭.৪০০	১৪৭.৬০০	২,১১৫.০০০	৮৩.০০০	৭৫.০০০	**২,২৭৩.০০০**
৮	২২	১,৫০২.২০০	২৯২.১৬০	১৬.২৮০	**১,৮১০.৬৪০**	৩৫২.০০০	২,১৬২.৬৪০	১৬২.৩৬০	২,৩২৫.০০০	৯২.০০০	৮৩.০০০	**২,৫০০.০০০**
৯	২৫	১,৭০৮.০০০	৩৩২.০০০	১৮.৫০০	**২,০৫৮.৫০০**	৪০০.০০০	২,৪৫৮.৫০০	১৮৪.৫০০	২,৬৪৩.০০০	১০৪.০০০	৯৪.০০০	**২,৮৪১.০০০**
১০	৩০	২,০৪৯.০০০	৩৯৮.৪০০	২২.২০০	**২,৪৬৯.৬০০**	৪৮০.০০০	২,৯৪৯.৬০০	২২১.৪০০	৩,১৭১.০০০	১২৫.০০০	১১৩.০০০	**৩,৪০৯.০০০**
১১	৩৩	২,২৫৩.৮০০	৪৩৮.২৪০	২৪.৪২০	**২,৭১৬.৪৬০**	৫২৮.০০০	৩,২৪৪.৪৬০	২৪৩.৫৪০	৩,৪৮৮.০০০	১৩৮.০০০	১২৪.০০০	**৩,৭৫০.০০০**
১২	৩৫	২,৩৯১.০০০	৪৬৪.৮০০	২৫.৯০০	**২,৮৮১.৭০০**	৫৬০.০০০	৩,৪৪১.৭০০	২৫৮.৩০০	৩,৭০০.০০০	১৪৬.০০০	১৩১.০০০	**৩,৯৭৭.০০০**
১৩	৪৫	৩,০৭৪.০০০	৫৯৭.৬০০	৩৩.৩০০	**৩,৭০৪.৯০০**	৭২০.০০০	৪,৪২৪.৯০০	৩৩২.১০০	৪,৭৫৭.০০০	১৮৮.০০০	১৬৯.০০০	**৫,১১৪.০০০**

২। সমন্বয়কৃত উক্ত মূল্য ১৮ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ/ ০২ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ তারিখ সন্ধ্যা ০৬:০০ ঘটিকা হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।

৩। কোনো পর্যায়ে (এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ, ডিস্ট্রিবিউটর এবং ভোক্তাপর্যায়ে রিটেইলার পয়েন্টে) কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্যে বোতলজাতকৃত এলপিজি বিক্রয় করা যাবে না।

৪। প্রত্যেক এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সী উপরের ছকের কলাম-১০ এ উল্লিখিত এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পরবর্তী মূল্যে (মূসক-উত্তর/মূসকসহ) ডিস্ট্রিবিউটরের নিকট এলপিজি বিক্রয় করবে এবং সে অনুযায়ী মূসক চালান/ডেলিভারি অর্ডার (ডিও) প্রদান করবে।

ব্রি: জেনারেল মোঃ শাহিদ সারওয়ার (অব:)
সদস্য

সৈয়দা সুলতানা রাজিয়া
সদস্য

মোঃ মিজানুর রহমান
সদস্য

মোঃ আব্দুর রাজ্জাক
সদস্য

জালাল আহমেদ
চেয়ারম্যান

[১] জুলাই ২০২৫ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেন এর ঘোষিত Saudi CP প্রতি মেট্রিক টন যথাক্রমে ৫৭৫.০০ মার্কিন ডলার এবং ৫৪৫.০০ মার্কিন ডলার অনুযায়ী প্রোপেন এবং বিউটেনের মিশ্রণ অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় প্রোপেন এবং বিউটেনের গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৫৫৫.৫০ মার্কিন ডলার, প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১২২.৯৮/- টাকা এবং ১ মেট্রিক টন = ১,০০০ কেজি হিসেবে।

[২] জাহাজভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ প্রতি মেট্রিক টন ১০৮.০০ মার্কিন ডলার এবং প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১২২.৯৮/- টাকা এবং ১ মেট্রিক টন=১,০০০ কেজি বিবেচনায়।

[৩] ল্যান্ডিং চার্জ, লেভি চার্জ, রিভার ডিউজ, কাস্টম সার্ভে এবং পোর্ট চার্জ প্রতি মেট্রিক টন ৩০০ টাকা; এলসি চার্জ, ইন্সুরেন্স চার্জ (মুসকসহ), সিএন্ডএফ কমিশন (মূসকসহ) এবং Disport Inspection Charge মোট CFR মুল্যের ০.৫৪% এবং প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১২২.৯৮/- টাকা হিসেবে ৪৪১.০০ টাকা বিবেচনায়।

[৪] ১৭ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ/ ০২ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ তারিখের বিইআরসি আদেশ ২০২২/১৮ এবং সরকার কর্তৃক ০১ জুন ২০২৫ তারিখ থেকে ডিজেল এর নির্ধারিত মূল্য প্রতি লিটার ১০২ টাকা অপরিবর্তিত বিবেচনায়, যার মধ্যে ১০ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ তারিখের বিইআরসি আদেশ নম্বর: ২০২১/১০ এ উল্লিখিত পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয় [ম্যানুফ্যাকচারিং/ফ্যাক্টরি ওভারহেড (জনবলসহ) বিক্রয়-বিপণন, বিতরণ-পরিবহণ, প্রশাসনিক ও সাধারণ ব্যয় (জনবলসহ)], অবচয়, রিটার্ন অন রেট বেজ ও কর্পোরেট ইনকাম ট্যাক্স অন্তর্ভুক্ত।

[৫] মূল্য সংযোজন কর ও সম্পুরক শুল্ক (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫; ০৯ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ তারিখের এস.আর.ও. নং-১৪-আইন/২০২৫/২৬৮-মূসক; ১৩ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ তারিখের বিশেষ আদেশ নং- ০২/মূসক/২০২৫; ০৯ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ তারিখের এনবিআর এর সাধারণ আদেশ নং-০৮.০১.০০০.০৬৮.১৬.০০১.২৪/১০ এবং এনবিআর এর ০৪ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ তারিখের সাধারণ আদেশ নং- ০৮.০১.০০০০.০৬৮.২২.০৫০.১৪/৭৯ অনুযায়ী উৎপাদন/বোতলজাতকরণ পর্যায়ে ৭.৫% যা উৎপাদন পর্যায়ে উৎপাদনকারি/বোতলজাতকারি কর্তৃক পরিশোধযোগ্য।

[৬] ১৮ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ/ ০২ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ তারিখের বিইআরসি আদেশ নম্বর: ২০২৩/০৯ অনুযায়ী।

[৭] অত্র আদেশের পরিশিষ্ট-'ক' মোতাবেক বেসরকারি এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সি কর্তৃক সরবরাহকৃত এলপিজি'র রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য প্রতি কেজি ১১৩.৬৪ টাকা অনুযায়ী।

পরিশিষ্ট-'গ'

রেটিকুলেটেড পদ্ধতিতে সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য, জুলাই ২০২৫

(জুলাই-২০২৫ এর Saudi CP'র ভিত্তিতে)

ক্রমিক নং	বিবরণ		সমন্বয়কৃত মূল্য		
			(টাকা/কেজি)	টাকা/লিটার[২] (গ্যাসীয় অবস্থায়)	টাকা/ঘনমিটার[২] (গ্যাসীয় অবস্থায়)
ক	১	Saudi Contract Price[১] (Saudi CP)	৬৮.৩২	০.১৫১৮	১৫১.৮০
	২	জাহাজ ভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ[৩]	১৩.২৮	০.০২৯৫	২৯.৫০
	৩	অন্যান্য চার্জ[৪]	০.৭৪	০.০০১৬	১.৬০
	৪	**ইমপোর্ট প্যারিটি প্রাইস (১+২+৩)**	**৮২.৩৪**	**০.১৮২৯**	**১৮২.৯০**
খ	এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ চার্জ[৫]		১৬.০০	০.০৩৫৫	৩৫.৫০
গ	**এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পর্যায়ের মূল্য, মূসক-পূর্ব (ক৪+খ)**		**৯৮.৩৪**	**০.২১৮৪**	**২১৮.৪০**
ঘ	মূসক[৬]		৭.৩৮	০.০১৬৪	১৬.৪০
ঙ	**এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পর্যায়ের মূল্য, মূসক-উত্তর (গ+ঘ)**		**১০৫.৭২**	**০.২৩৪৮**	**২৩৪.৮০**
চ	ডিস্ট্রিবিউটরের চার্জ[৭] (ডিস্ট্রিবিউটর থেকে রিটেইলার পর্যন্ত পরিবহণ ব্যয়সহ)		৪.১৭	০.০০৯৩	৯.৩০
ছ	**রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে এলপিজি'র সমন্বয়কৃত মূল্য (ঙ+চ)**		**১০৯.৮৯**	**০.২৪৪১**	**২৪৪.১০**

২। সমন্বয়কৃত উক্ত মূল্য ১৮ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ/ ০২ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ তারিখ সন্ধ্যা ০৬:০০ ঘটিকা হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।

৩। কোনো পর্যায়ে (এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ, ডিস্ট্রিবিউটর এবং ভোক্তাপর্যায়ে রিটেইলার পয়েন্টে) কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্যে রেটিকুলেটেড পদ্ধতিতে সরবরাহকৃত এলপিজি বিক্রয় করা যাবে না।

৪। প্রত্যেক এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সী উপরের ছকের ক্রমিক নং-ঙ এ উল্লিখিত এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পরবর্তী মূল্যে (মূসক-উত্তর/মূসকসহ) ডিস্ট্রিবিউটরের নিকট এলপিজি বিক্রয় করবে এবং সে অনুযায়ী মূসক চালান/ডেলিভারি অর্ডার (ডিও) প্রদান করবে।

ব্রি: জেনারেল মোঃ শহিদ সারওয়ার (অবঃ)
সদস্য

সৈয়দা সুলতানা রাজিয়া
সদস্য

মোঃ মিজানুর রহমান
সদস্য

মোঃ আব্দুর রাজ্জাক
সদস্য

জালাল আহমেদ
চেয়ারম্যান

[২]প্রোপেন ও বিউটেনের মিশ্রণ অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় এলপিজি'র Specific Gravity ০.৫৫৫৫ হিসেবে ১ কেজি এলপিজি = ১.৮০০২ লিটার এলপিজি এবং ১ লিটার এলপিজি = ২৫০ লিটার গ্যাস হিসেবে ১ কেজি এলপিজি = ৪৫০.০৫ লিটার গ্যাস এবং ১ ঘনমিটার গ্যাস=১,০০০ লিটার গ্যাস বিবেচনায় [০.৪৫ ঘনমিটার গ্যাস = ১ কেজি এলপিজি বা ১ ঘনমিটার গ্যাস = ২.২২২২ কেজি এলপিজি] বিবেচনায়।

[২]জুলাই ২০২৫ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেন এর ঘোষিত Saudi CP প্রতি মেট্রিক টন যথাক্রমে ৫৭৫.০০ মার্কিন ডলার এবং ৫৪৫.০০ মার্কিন ডলার অনুযায়ী প্রোপেন এবং বিউটেনের মিশ্রণ অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় প্রোপেন এবং বিউটেনের গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৫৫৫.৫০ মার্কিন ডলার, প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১২২.৯৮/- টাকা এবং ১ মেট্রিক টন = ১,০০০ কেজি হিসেবে।

[৩] জাহাজভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ প্রতি মেট্রিক টন ১০৮.০০ মার্কিন ডলার এবং প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১২২.৯৮/- টাকা এবং ১ মেট্রিক টন=১,০০০ কেজি বিবেচনায়।

[৪] ল্যান্ডিং চার্জ, লেভি চার্জ, রিভার ডিউজ, কাস্টম সার্ভে এবং পোর্ট চার্জ প্রতি মেট্রিক টন ৩০০ টাকা; এলসি চার্জ, ইন্সুরেন্স চার্জ (মুসকসহ), সিএন্ডএফ কমিশন (মূসকসহ) এবং Disport Inspection Charge মোট CFR মূল্যের ০.৫৪% এবং প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১২২.৯৮/- টাকা হিসেবে ৪৪১.০০ টাকা বিবেচনায়।

[৫] ১৭ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ/ ০২ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ তারিখের বিইআরসি আদেশ ২০২২/১৮ সরকার কর্তৃক ০১ জুন ২০২৫ তারিখ থেকে ডিজেল এর নির্ধারিত মূল্য প্রতি লিটার ১০২ টাকা অপরিবর্তিত বিবেচনায়, যার মধ্যে ১০ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ তারিখের বিইআরসি আদেশ নম্বর: ২০২১/১০ এ উল্লিখিত পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয় [ম্যানুফ্যাকচারিং/ফ্যাক্টরি ওভারহেড (জনবলসহ) বিক্রয়-বিপণন, বিতরণ-পরিবহণ, প্রশাসনিক ও সাধারণ ব্যয় (জনবলসহ)], অবচয়, রিটার্ন অন রেট বেজ ও কর্পোরেট ইনকাম ট্যাক্স অন্তর্ভুক্ত।

[৬] মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫; ০৯ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ তারিখের এস.আর.ও. নং-১৪-আইন/২০২৫/২৬৮-মূসক; ১৩ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ তারিখের বিশেষ আদেশ নং- ০২/মূসক/২০২৫; ০৯ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ তারিখের এনবিআর এর সাধারণ আদেশ নং-০৮.০১.০০০.০৬৮.১৬.০০১.২৪/১০ এবং এনবিআর এর ০৪ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ তারিখের সাধারণ আদেশ নং- ০৮.০১.০০০০.০৬৮.২২.০৫০.১৪/৭৯ অনুযায়ী উৎপাদন/বোতলজাতকরণ পর্যায়ে ৭.৫% যা উৎপাদন পর্যায়ে উৎপাদনকারি/বোতলজাতকারি কর্তৃক পরিশোধযোগ্য।

[৭]১৮ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ/ ০২ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ তারিখের বিইআরসি আদেশ নম্বর: ২০২৩/০৯ অনুযায়ী।

পরিশিষ্ট-'ঘ'

ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের সমন্বয়কৃত মূল্য, জুলাই ২০২৫
(জুলাই-২০২৫ এর Saudi CP'র ভিত্তিতে)

ক্রমিক নং		বিবরণ	সমন্বয়কৃত মূল্য (টাকা/লিটার[১])
ক	১	Saudi Contract Price (Saudi CP)[২]	৩৭.৯৫
	২	জাহাজ ভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ[৩]	৭.৩৮
	৩	অন্যান্য চার্জ[৪]	০.৪১
	৪	**ইমপোর্ট প্যারিটি প্রাইস (১+২+৩)**	**৪৫.৭৪**
খ		এলপিজি মজুতকরণ চার্জ[৫]	৩.৩৪
গ		**এলপিজি মজুতকরণ পরবর্তী মূল্য, মুসক-পূর্ব (ক৪+খ)**	**৪৯.০৮**
ঘ		মূসক[৬]	৩.৬৮
ঙ		**এলপিজি মজুতকরণ পরবর্তী মূল্য, মুসক-উত্তর (গ+ঘ)**	**৫২.৭৬**
চ		পরিবহণ চার্জ[৭]	১.৭০
ছ		স্টেশন চার্জ[৫]	৮.০০
জ		**ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের মূল্যহার (প্রতি লিটার) (ঙ+চ+ছ)**	**৬২.৪৬**

২। সমন্বয়কৃত উক্ত মূল্য ১৮ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ/ ০২ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ তারিখ সন্ধ্যা ০৬:০০ ঘটিকা হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।

৩। কোনো পর্যায়ে (এলপিজি মজুতকরণ, অটোগ্যাস স্টেশনের নিকট এবং ভোক্তাপর্যায়ে অটোগ্যাস স্টেশনে) কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্যে অটোগ্যাস বিক্রয় করা যাবে না।

ব্রি: জেনারেল মোঃ শাহিদ সারওয়ার (অবঃ)
সদস্য

সৈয়দা সুলতানা রাজিয়া
সদস্য

মোঃ মিজানুর রহমান
সদস্য

মোঃ আব্দুর রাজ্জাক
সদস্য

জালাল আহমেদ
চেয়ারম্যান

---

[১]প্রোপেন ও বিউটেনের মিশ্রণ অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় এলপিজি'র Specific Gravity ০.৫৫৫৫ হিসেবে ১ কেজি এলপিজি = ১.৮০০২ লিটার এলপিজি।

[২] জুলাই ২০২৫ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেন এর ঘোষিত Saudi CP প্রতি মেট্রিক টন যথাক্রমে ৫৭৫.০০ মার্কিন ডলার এবং ৫৪৫.০০ মার্কিন ডলার অনুযায়ী প্রোপেন এবং বিউটেনের মিশ্রণ অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় প্রোপেন এবং বিউটেনের গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৫৫৫.৫০ মার্কিন ডলার, প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১২২.৯৮/- টাকা এবং ১ মেট্রিক টন = ১,০০০ কেজি হিসেবে।

[৩]জাহাজভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ প্রতি মেট্রিক টন ১০৮.০০ মার্কিন ডলার এবং প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১২২.৯৮/- টাকা এবং ১ মেট্রিক টন=১,০০০ কেজি বিবেচনায়।

[৪] ল্যান্ডিং চার্জ, লেভি চার্জ, রিভার ডিউজ, কাস্টম সার্ভে এবং পোর্ট চার্জ প্রতি মেট্রিক টন ৩০০ টাকা; এলসি চার্জ, ইন্সুরেন্স চার্জ (মূসকসহ), সিএন্ডএফ কমিশন (মূসকসহ) এবং Disport Inspection Charge মোট CFR মূল্যের ০.৫৪% এবং প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১২২.৯৮/- টাকা হিসেবে ৪৪১.০০ টাকা বিবেচনায়।

[৫]২৫ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ/ ১০ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ তারিখের বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০৭ অনুযায়ী।

[৬] মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫; ০৯ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ তারিখের এস.আর.ও. নং-১৪-আইন/২০২৫/২৬৮-মূসক; ১৩ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ তারিখের বিশেষ আদেশ নং- ০২/মূসক/২০২৫; ০৯ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ তারিখের এনবিআর এর সাধারণ আদেশ নং-০৮.০১.০০০.০৬৮.১৬.০০১.২৪/১০ এবং এনবিআর এর ০৪ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ তারিখের সাধারণ আদেশ নং- ০৮.০১.০০০০.০৬৮.২২.০৫০.১৪/৭৯ অনুযায়ী উৎপাদন/বোতলজাতকরণ পর্যায়ে ৭.৫% যা উৎপাদন পর্যায়ে উৎপাদনকারি/বোতলজাতকারি কর্তৃক পরিশোধযোগ্য।

[৭] সরকার কর্তৃক ০১ জুন ২০২৫ তারিখ থেকে ডিজেল এর নির্ধারিত মূল্য প্রতি লিটার ১০২ টাকা অপরিবর্তিত বিবেচনায় ।